**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ২৫ এপ্রিল ২০১৬, ১২ বৈশাখ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আমরা স্বাবলম্বী হচ্ছি, মাথা উঁচু করে দাঁড়াবো
: পাসপোর্ট ও ভিসা অফিসের নবনির্মিত ভবন উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

২। দাম কমল জ্বালানি তেলের

৩। '১৬২৬৩' নম্বরে কল করে ২৪ ঘন্টা ফ্রি স্বাস্থ্যসেবা : স্বাস্থ্যমন্ত্রী

৪। রমজানে নিত্যপণ্যের সংকট তৈরি করলে কঠোর ব্যবস্থা : বাণিজ্যমন্ত্রী

৫। চাল ৩২ টাকা ও ধান ২৩ টাকা দরে কিনবে সরকার : খাদ্যমন্ত্রী

৬। পদ্মা সেতুর নির্মাণ কাজ ২০১৮ সালের মধ্যে শেষ হবে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৭। সরকারি কর্মচারীদের সৎভাবে দায়িত্ব পালন করতে হবে : তথ্যমন্ত্রী

৮। ১ মে থেকে অনিবন্ধিত সিম তিন ঘন্টার জন্য বন্ধ থাকবে
: ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী

৯। জাতীয় সংসদের দশম অধিবেশন শুরু চলবে ৫ মে পর্যন্ত

১০। অসহনীয় গরমে দুর্বিষহ জীবন : বৈশাখ জুড়ে চলবে তাপদাহ

চলমান পাতা/২

**১।	আমরা স্বাবলম্বী হচ্ছি, মাথা উঁচু করে দাঁড়াবো**

**: পাসপোর্ট ও ভিসা অফিসের নবনির্মিত ভবন উদ্বোধনকালে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলতে হবে এবং আমরা তা পারবো। আমরা বিজয়ী জাতি। বিজয়ী জাতি কখনো মাথা নত করে না। ভবিষ্যতে উন্নত সমৃদ্ধ দেশ হিসেবে বিশ্ব দরবারে আমরা মাথা উঁচু করে দাঁড়াবো। ইলেকট্রনিক পাসপোর্ট তৈরির পরিকল্পনার কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলার লক্ষ্যে এ পরিকল্পনা নেওয়া হয়েছে। বর্তমান সরকার ইমিগ্রেশন ও পাসপোর্ট সুবিধা জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে অব্যাহত চেষ্টা চালিয়ে যাচ্ছে। গতকাল ২৪ এপ্রিল রোববার আগারগাঁওয়ে ডিপার্টমেন্ট অব ইমিগ্রেশন অ্যান্ড পাসপোর্ট অফিসে পাসপোর্ট সেবা সপ্তাহ-২০১৬ এবং বিভাগীয় ও আঞ্চলিক ১০টি পাসপোর্ট ও ভিসা অফিসের নবনির্মিত ভবন উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮),
**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.৩)।
**সংবাদ, যুগান্তর, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২।	দাম কমল জ্বালানি তেলের**

আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের রেকর্ড দরপতনের বিবেচনায় দেশে জ্বালানি তেলের দাম কমিয়েছে সরকার। ডিজেলের দাম প্রতি লিটারে তিন টাকা, অকটেন ১০ টাকা, পেট্রোল ১০ টাকা ও কেরোসিন তিন টাকা কমানো হয়েছে। রাষ্ট্রপতির আদেশক্রমে গতকাল ২৪ এপ্রিল রোববার জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব মোহাম্মদ আহসানুল জব্বার স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে বলা হয়, গতকাল ২৪ এপ্রিল রোববার মধ্যরাত থেকে নতুন মূল্য কার্যকর হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪) **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.২)। **জনকণ্ঠ, ভোরের কাগজ, ডেইলি স্টার, অবজারভার,** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩।	'১৬২৬৩' নম্বরে কল করে ২৪ ঘন্টা ফ্রি স্বাস্থ্যসেবা : স্বাস্থ্যমন্ত্রী**

**'১৬২৬৩'** নম্বরে কল করলেই চব্বিশ ঘন্টা বিনামূল্যে সরকারি স্বাস্থ্যসেবামূলক পরামর্শ পাওয়া যাবে। দেশের প্রত্যন্ত অঞ্চলে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা পৌঁছে দিতেই এই ব্যবস্থা করা হয়েছে। এই সেবার নাম দেওয়া হয়েছে 'সরকারি হেলথ কল সেন্টার স্বাস্থ্য বাতায়ন'। স্বাস্থ্য বাতায়ন দেশের যেকোনো স্থানের রোগীদের প্রয়োজনে নিকটবর্তী সরকারি-বেসরকারি অ্যাম্বুলেন্স ডাকতেও সরকার সহায়তা করবে। গ্রহণ করা যাবে গ্রাহকদের অভিযোগ ও পরামর্শ। গতকাল ২৪ এপ্রিল রোববার স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে স্বাস্থ্য বাতায়নের উদ্বোধন উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২),
**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৪।	রমজানে নিত্যপণ্যের সংকট তৈরি করলে কঠোর ব্যবস্থা : বাণিজ্যমন্ত্রী**

দেশে চাহিদার তুলনায় কয়েকগুণ বেশি নিত্যপণ্যের মজুত রয়েছে উল্লেখ করে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, আসন্ন পবিত্র রমজানে কোনো পণ্যের সংকট হবার সম্ভাবনা নেই। যদি অসৎ উদ্দেশ্যে কেউ পণ্যের কৃত্রিম সংকট বা মূল্য বৃদ্ধির চেষ্টা করে, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। গতকাল ২৪ এপ্রিল রোববার সচিবালয়ে নিত্যপ্রয়োজনীয় পণ্যের সরবরাহ ও মূল্য পরিস্থিতি নিয়ে এক পর্যালোচনা সভায় তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **প্রথম আলো** (পৃ.১,ক.৩),

**ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯ ক.৭), **নিউ এজ বিজনেস পাতা** (পৃ.১,ক.২)।

**৫। চাল ৩২ টাকা ও ধান ২৩ টাকা দরে কিনবে সরকার : খাদ্যমন্ত্রী**

খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম বলেছেন, চলতি বোরো মৌসুমে অভ্যন্তরীণ বাজার থেকে ১৩ লাখ টন ধান ও চাল কিনবে সরকার। এর মধ্যে ৩২ টাকা দরে ছয় লাখ টন চাল ও ২৩ টাকা দরে সাত লাখ টন ধান সংগ্রহ করা হবে। এ সংগ্রহ অভিযান আগামী ৫ মে থেকে শুরু হয়ে ৩১ আগস্ট শেষ



হবে। গতকাল ২৪ এপ্রিল রোববার সচিবালয়ে খাদ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়। সভা শেষে খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম এ তথ্য জানান। সূত্র- **ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)।

**৬। পদ্মা সেতুর নির্মাণ কাজ ২০১৮ সালের মধ্যে শেষ হবে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

২০১৮ সালের মধ্যে বহুল আলোচিত পদ্মা সেতুর নির্মাণ কাজ শেষ হবে। এর আগে এ সেতু নির্মাণ নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কাজ বেশি করার নির্দেশ দিয়েছেন বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল ২৪ এপ্রিল রোববার জাতীয় সংসদের দশম অধিবেশনে এক সম্পূরক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৭। সরকারি কর্মচারীদের সৎভাবে দায়িত্ব পালন করতে হবে : তথ্যমন্ত্রী**

সুশাসনের জন্য সরকারি কর্মচারীদের শুদ্ধাচারের মাধ্যমে সততা ও জনসেবকের প্রতীক হিসেবে কাজ করার আহ্বান জানিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল ২৪ এপ্রিল রোববার ঢাকায় তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয় আয়োজিত জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৮। ১ মে থেকে অনিবন্ধিত সিম তিন ঘন্টার জন্য বন্ধ থাকবে : ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী**

বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধন না করা সিমগুলো ১ মে থেকে তিন ঘন্টার জন্য বন্ধ করে দেওয়া হবে বলে জানিয়েছেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। এক পর্যায়ে সিমগুলো স্থায়ীভাবে বন্ধ করে দেওয়া হবে বলে জানান তিনি। গতকাল ২৪ এপ্রিল রোববার জাতীয় প্রেসক্লাব থেকে এয়ারটেল আয়োজিত সচেতনতামূলক শোভাযাত্রা শুরুর আগে তিনি এ কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৪)।

**৯। জাতীয় সংসদের দশম অধিবেশন শুরু চলবে ৫ মে পর্যন্ত**

জাতীয় সংসদের দশম অধিবেশন শুরু হয়েছে। গতকাল ২৪ এপ্রিল রোববার বিকাল পাঁচটায় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অধিবেশন শুরু হয়। সংসদের কার্য উপদেষ্টা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী চলতি অধিবেশন চলবে আগামী ৫ মে পর্যন্ত, তবে স্পিকার চাইলে এই মেয়াদ কমাতে-বাড়াতে পারবেন। প্রতিদিন বিকাল পাঁচটায় অধিবেশন শুরু হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** ( শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**১০। অসহনীয় গরমে দুর্বিষহ জীবন : বৈশাখ জুড়ে চলবে তাপদাহ**

অসহনীয় গরমে দুর্বিষহ হয়ে উঠেছে জীবনযাত্রা। গুমোট ও তপ্ত আবহাওয়া চলছে টানা কয়েক

দিন ধরে। প্রত্যাশিত বৃষ্টি নেই। দিনে-রাতে তাপদাহে খুব দ্রুত কাহিল এমনকি অসুস্থ হয়ে পড়ছে মানুষ। চৈত্রের শেষ সপ্তাহ থেকে ক্রমশ তেঁতে উঠেছে আবহাওয়া। ফল-ফসলের আবাদ ও ফলনের উপর পড়েছে বিরূপ প্রভাব। খুব শীঘ্রই খরতপ্ত আবহাওয়ার উন্নতির পূর্বাভাস নেই। বৈশাখ মাসজুড়ে চলবে এ রকম অসহনীয় তাপদাহ। তাপমাত্রা আরো বাড়তে পারে। বর্তমানে সারা দেশে তাপমাত্রার পারদ স্বাভাবিকের চেয়ে গড়ে **১.৫** ডিগ্রি সেলসিয়াস উঁচুতে রয়েছে বলে আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.১২,ক.১)।
**সংবাদ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।



## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** মজুরি বাড়ানোসহ **১৫** দফা দাবিতে নৌযান শ্রমিকরা দেশব্যাপী ধর্মঘট শুরু করলেও যাত্রীবাহী নৌযানকে তারা রেয়াত দেওয়ায় যাত্রীরা চলাচল করতে পারছে উল্লেখ করে পণ্যবাহী নৌযান ধর্মঘটের কারণে ব্যবসা-বাণিজ্য তথা সার্বিক অর্থনীতির যে ক্ষতি হচ্ছে তা আমলে নিয়ে দ্রুত এ অচলাবস্থা নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** চট্টগ্রামে মিনারেল ওয়াটারের নামে জারে করে মানহীন ও অপরিশোধিত দূষিত পানি বাজারজাত করায় জনস্বাস্থ্যের জন্য হুমকি হওয়ায় এ ব্যাপারে গণসচেতনতা বাড়ানোর আহ্বান।

গ. **জনকণ্ঠ :** বাংলাদেশ রেলওয়ে প্রথমবারের মতো সর্বাধুনিক প্রযুক্তিসম্পন্ন লিংকে হফম্যান বুশ ব্রডগেজ কোচ সংযুক্ত করতে যাওয়ায় স্বাগত জানিয়ে এতে করে রেলের সেবার মান বৃদ্ধিতে তা সহায়ক হবে বলে আশা প্রকাশ।

ঘ. **সংবাদ :** গাজীপুর সিটি করপোরেশনের হায়দারাবাদ গ্রামে রুবেল হোসেন নামে এক যুবককে পুলিশের দুই এসআই ও দুর্বৃত্তরা মিলে পিটিয়ে তার দুই পা ভেঙে দিয়েছে উল্লেখ করে মানবাধিকার লঙ্ঘন করা এ সমস্ত পুলিশের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ. **যায়যায়দিন, যুগান্তর :** বরিশালের আগৈলঝাড়া উপজেলায় কবুতর চুরির অপবাদ দিয়ে স্থানীয় ইউনিয়ন পরিষদ সদস্যের নেতৃত্বে দুই শিশুকে গাছের সঙ্গে বেঁধে মধ্যযুগীয় কায়দায় নির্যাতন করার খবরে উদ্বেগ প্রকাশ করে দেশে শিশু নির্যাতন ক্রমাগত বাড়ায় নির্যাতনকারীদের বিরুদ্ধে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার দাবি।

চ. **ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, প্রথম আলো, সংবাদ, ভোরের কাগজ, ইনকিলাব, যায়যায়দিন :** রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকের খুনিদের গ্রেফতার ও বিচারের ব্যবস্থা না করলে পরিস্থিতি নিয়ন্ত্রণহীন হয়ে পড়বে বলে আশঙ্কা প্রকাশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের পাহাড়ি এলাকায় বিশেষ করে পার্বত্য চট্টগ্রামে ম্যালেরিয়া প্রতিরোধে সরকারের সাথে এনজিওসহ স্বাস্থ্যসেবা সংস্থাকে সমন্বিতভাবে কাজ করার আহবান।

জ. **ডেইলি সান :** পোলট্রি খাতের সম্ভাবনাকে গুরুত্বের সাথে বিবেচনায় নিয়ে এ খাতের উন্নয়নে সব ধরনের সমস্যা সমাধানে কর্তৃপক্ষকে এগিয়ে আসার আহ্বান।

ঝ. **নিউজ টুডে :** ফলসের জমিতে অপরিকল্পিতভাবে দালান কোঠা ও ইটের ভাটা নির্মাণের ফলে প্রতি বছর ৬৮ হাজার হেক্টরের বেশি জমি নষ্ট হয়ে যাওয়ায় কৃষিজমি সুরক্ষায় সরকারকে যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ঞ. **নিউ নেশন :** রানা প্লাজা দুর্ঘটনায় দায়ীদের বিচার ও শাস্তি প্রদানের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে কৃষকের প্রতি সম্মান ও মর্যাদা প্রদর্শনের জন্য কৃষকের শ্রম ও শ্রমলব্ধ ফসলের প্রাপ্য মূল্য যেন তাদের হাতে পৌঁছানো নিশ্চিত হয় তার ব্যবস্থা করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'দক্ষিণ এশিয়ার টেকসই খাদ্য ও পুষ্টি নিরাপত্তা'** শিরোনামের নিবন্ধে নিতাই চন্দ্র রায় দক্ষিণ এশিয়ার গ্রামীণ কৃষির পাশাপাশি নগরীর কৃষি ব্যবস্থা গড়ে তোলার উদ্যোগ নিতে হবে যাতে পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণের মাধ্যমে নগর ও তার আশেপাশের মানুষের টেকসই খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা যায় বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৫/৯.০০ ঘণ্টা